



নোয়াখালীতে সাংবাদিক এস কে সৌরভের ওপর সন্ত্রাসী হামলা

জেলা প্রতিনিধি, নোয়াখালী

প্রকাশিত: ২২ অক্টোবর ২০২৬, ০৮:৪৪ পিএম

শেয়ার করুন:

অ+

অ-



এসএ টিভির সাবেক সিনিয়র রিপোর্টার এস কে সৌরভ

নোয়াখালীর চাটবিল উপজেলার খিলপাড়া ইউনিয়নের দেলিয়াই বাজারে ভাঙের সঙ্গে এক মোটরসাইকেল চালকের বিরোধের জেরে এসএ টিভির সাবেক সিনিয়র রিপোর্টার এস কে সৌরভের ওপর হামলার অভিযোগ উঠেছে। এ ঘটনায় ১৫-২০ জনের একটি দল তাকে বেধড়ক মারধর করেছে এবং তাকে ও তার ভাগ্নেকে হত্যার হুমকি দিয়েছে বলে অভিযোগ করেছেন তিনি।

মঙ্গলবার (২০ অক্টোবর) রাত আনুমানিক ৮টার দিকে দেলিয়াই বাজারের মধ্যবর্তী এলাকায় এ মারধরের ঘটনা ঘটেছে।

বিজ্ঞাপন

ভুক্তভোগী এস কে সৌরভ বর্তমানে ঢাকার একটি অনলাইন নিউজ পোর্টালে কর্মরত। তার ভাগিনা মেহেদী হাসান আবেদ ওমান প্রবাসী।

এস কে সৌরভের বর্ণনা অনুযায়ী, মঙ্গলবার রাতে দেলিয়াই বাজারের রাস্তা দিয়ে হাঁটার সময় তার ভাগিনার গায়ে একটি চলন্ত মোটরসাইকেল লেগে যায়। এ নিয়ে মোটরসাইকেল চালক ও মেহেদী হাসানের মধ্যে কথা-কাটাকাটি হয়। পরে তিনি ও স্থানীয় কয়েকজন এগিয়ে এসে পরিস্থিতি শান্ত করার চেষ্টা করেন।

অভিযোগ অনুযায়ী, একপর্যায়ে মোটরসাইকেল চালক মেহেদী হাসানের মাকে উদ্দেশ্য করে গালিগালাজ করেন এবং তাকে মারতে উদ্যত হন। একপর্যায়ে দুজনের মধ্যে ধস্তাধস্তি শুরু হয়। পরে স্থানীয় লোকজন তাদের আলাদা করে দেন এবং মেহেদী হাসানকে বাড়িতে চলে যেতে বলেন।

এস কে সৌরভ জানান, ঘটনার সমাধানের আশ্বাস দিয়ে তিনি মোটরসাইকেল চালককে শান্ত করার চেষ্টা করেন। কিন্তু ওই ব্যক্তি তার ওপরও চড়াও হন এবং তাকে ধাক্কা দেন। এ সময় তিনি নিজেকে প্রভাবশালী দাবি করে তার ভাগ্নেকে হত্যার হুমকি দেন।

বিজ্ঞাপন


এই ক্যাটাগরির আরও খবর



কুষ্টিয়ায় মসজিদে আলোচনা নিয়ে বিএনপি-জামায়াতের হাতাহাতি, আহত ৪



নেত্রকোণায় এনসিপির জেলা কমিটির আত্মপ্রকাশ অনুষ্ঠানে হট্টগোল



কুমিল্লায় এক স্থানে মিলল ২২ বিষধর সাপ, পিটিয়ে মারল জনতা



নড়াইলে মাদরাসাছাত্রীকে ধর্ষণচেষ্টার অভিযোগ



গাইবান্ধায় মোটরসাইকেলের মিললো সাড়ে ৭ কেজি গাঁজা, গ্রেফতার ২



'চাঁদা না দেওয়ায়' হামলা, সম্ভাব্য

সর্বশেষ

জনপ্রিয়

১

কুষ্টিয়ায় মসজিদে আলোচনা নিয়ে বিএনপি-জামায়াতের হাতাহাতি, আহত ৪

২

জুমার রাতে কি দোয়া করুলের বিশেষ সময় আছে?

৩

নেত্রকোণায় এনসিপির জেলা কমিটির আত্মপ্রকাশ অনুষ্ঠানে হট্টগোল

৪

কুমিল্লায় এক স্থানে মিলল ২২ বিষধর সাপ, পিটিয়ে মারল জনতা

৫

সৌদিতে ১২ বছরে ২০৮৪ জনের মৃত্যুদণ্ড, বছরের প্রথম ছয় মাসেই ১০০

সব খবর



আরও পড়ুন

একই স্থানে তিনবার নাম বদল, এবার 'শহীদ জিয়া চত্বর' উদ্বোধন
ভূয়া মুক্তিযোদ্ধা সনদে ভাতা উত্তোলন, তিনজনের বিরুদ্ধে দুদকের মামলা
নোয়াখালীতে জামায়াত সমর্থিত ব্যবসায়ীকে দোকানের ভেতর প্রকাশ্যে গুলি

তিনি আরও জানান, এর কিছুক্ষণ পর মোটরসাইকেল চালক ফোন করে তার সহযোগীদের বাজারে আসতে বলেন। অল্প সময়ের মধ্যে কয়েকজন লাঠিসোঁটা নিয়ে বাজারে এসে মেহেদী হাসানকে খুঁজতে থাকেন। তাকে না পেয়ে বাড়ি ফেরার পথে এস কে সৌরভের পথরোধ করেন ১৫-২০ জন।

কোনো কিছু বুঝে ওঠার আগেই তারা তার ওপর হামলা চালিয়ে এলোপাতাড়ি কিল-ঘুষি মারতে থাকেন এবং তাকে ও তার ভাগ্নেকে হত্যার হুমকি দেন বলে অভিযোগ করেন তিনি।

সৌরভের ভাষ্য অনুযায়ী, পরিস্থিতি শান্ত করতে আলোচনার মাধ্যমে বিরোধ নিষ্পত্তির আশ্বাস দিলেও হামলাকারীরা তাকে মারধর করতে করতে বাজারের দিকে নিয়ে যান। পরে তার চাচাতো ভাই আবির তাকে নিজের দোকানের ভেতরে নিয়ে বসিয়ে রাখেন। তবে হামলাকারীরা আবারও তার ওপর হামলার চেষ্টা করেন। পরে পরিবারের সদস্য, পরিচিতজন ও স্থানীয় কয়েকজনের সহায়তায় তিনি তাদের হাত থেকে রেহাই পান।

এস কে সৌরভ অভিযোগ করেন, হামলাকারীদের অধিকাংশের বয়স ২০ বছরের নিচে। স্থানীয় কয়েকজনের ভাষ্য অনুযায়ী, তাদের মধ্যে কিশোর গ্যাংয়ের সদস্যও রয়েছে।

এ ঘটনায় বুধবার (২১ অক্টোবর) থানায় গিয়ে ঘটনার তদন্ত, সুষ্ঠু বিচার এবং নিজের ও পরিবারের সদস্যদের জীবনের নিরাপত্তা চেয়ে অভিযোগ দায়ের করেছেন এস কে সৌরভ।

প্রতিনিধি/এফএ

আপডেট পেতে ফলো করুন



সাংবাদিক

হামলা

জেলার খবর

মামলা

Dhaka Mail

ভারপ্রাপ্ত সম্পাদক: নজরুল ইসলাম
নির্বাহী সম্পাদক: হারুন জামিল



যোগাযোগ

৯৭ সোহরাওয়ার্দী এভিনিউ,
বারিধারা ডিপ্লোমেটিক জোন, ঢাকা ১২১২

+৮৮০৯৬১৩৪৪৪৩৩

dhakamailhq@gmail.com

দরকারি লিংক

Privacy Policy
About Us
Contact Us
Team
Career

শিরোনাম

হামলার ঝুঁকি: বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট বন্ধ ■ ডেঙ্গুতে প্রাণ গেল আরও চার জনের ■ বিশ্বজুড়ে সাইবার হামলার শঙ্কায় বাংলাদেশেও সতর্কতা জারি ■ সাজেক সড়কে অবরোধ ঘিরে উত্তেজনা, উজোবাজারে গো